

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ৪৫০৫  
আগরতলা, ৭ মার্চ, ২০১৯

ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন  
পূর্বাঞ্চলের ১০টি স্মার্ট সিটির জন্য ৫০০'র  
উপর প্রকল্প রূপায়ন করা হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দিল্লি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আগরতলা শহর সহ উত্তর-পূর্বাঞ্চলের ৫টি শহরের স্মার্ট সিটির অন্তর্গত ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। উত্তর-পূর্বাঞ্চলের অন্য ৪টি শহর হল সিকিমের গ্যাংটক ও নামচি এবং অরুণাচল প্রদেশের ইটানগর ও পাসিঘাটা। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সরাসরি ভিডিও কনফারেন্সের মাধ্যমে ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, উত্তর-পূর্বাঞ্চল মানব সম্পদে পরিপূর্ণ রয়েছে। এই সমগ্র অঞ্চলের উন্নয়ন করার ক্ষমতাও রয়েছে তাদের মধ্যে। স্মার্ট সিটির অন্তর্গত ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টার ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করে বিভিন্ন সুসংহত পরিষেবা প্রদান করবে। আরক্ষা, পরিবহণ, বিদ্যুৎ, পানীয় জল ও স্বাস্থ্যবিধি প্রভৃতি দপ্তরের মধ্যে সমন্বয়ের মাধ্যমে নাগরিক সুরক্ষায় এই সেন্টার কাজ করবে। এই ব্যবস্থার মাধ্যমে প্রশাসন সুসংহতভাবে শহরের মনিটরিং ব্যবস্থা পরিচালনা করতে পারবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী বলেন, ১ মার্চ, ২০১৯ তারিখ থেকে দেশের ১৫টি স্মার্ট সিটিতে ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল পরিষেবা চালু হয়েছে এবং আরও ৫০টি শহরে এর কাজ চলছে। উত্তর-পূর্বাঞ্চলের এই ৫টি শহরের ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের নির্মাণ কাজ এই বছরের অক্টোবরের মধ্যেই শেষ হবে বলে আশা করা হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, এই ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের অন্যতম উপাদান হল শহরের নাগরিক সুরক্ষায় সি সি টিভির মাধ্যমে নজরদারি রাখা। এর মাধ্যমে অপরাধ নিয়ন্ত্রণেও সহায়তা হবে। শহরকে যানজটমুক্ত রাখতে ইন্টেলিজেন্ট ট্রাফিক ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করা হবে। সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা যাবে। স্মার্ট সিটি লাইটিং-এর মাধ্যমে নাগরিক পরিষেবা আরও সম্প্রসারিত করা যাবে। শহরবাসীকে গুরুত্বপূর্ণ সরকারি সূচনা সম্পর্কে অবহিত করতে পাবলিক অ্যাড্রেস সিস্টেম ব্যবস্থাও থাকবে। এছাড়াও পাবলিক ওয়াই-ফাই সিস্টেমের মাধ্যমে ফ্রি ইন্টারনেট পরিষেবা প্রদান করা হবে। প্রধানমন্ত্রী বলেন, উত্তর-পূর্বাঞ্চলের ১০টি স্মার্ট সিটির জন্য প্রায় ১৫ হাজার কোটি টাকা ব্যয়ে পাঁচশো'র উপর প্রকল্প রূপায়ন করা হবে। এরমধ্যে এই প্রকল্পের ৫৯টি কাজের ওয়ার্কঅর্ডার ইতিমধ্যেই হয়ে গেছে। উত্তর-পূর্বাঞ্চলের গৌহাটি, আইজল, কোহিমা, ইম্ফল এবং শিলং এই ৫টি শহর স্মার্ট সিটি প্রকল্পের সঙ্গে যুক্ত হওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ভিডিও কনফারেন্সের মাধ্যমে ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপনের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী উত্তর-পূর্বাঞ্চলকে অষ্টলক্ষী বানানোর যে স্বপ্ন দেখেছেন এই প্রকল্প হচ্ছে তারই অঙ্গ। পাশাপাশি প্রধানমন্ত্রী নতুন ভারত গড়ার যে সংকল্প নিয়েছেন তাও এর মাধ্যমে অনেকখানি পূরণ হবে বলে আশা করা হচ্ছে।

তিনি বলেন, আগরতলা স্মার্ট সিটির ইন্টেগ্রেটেড কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টারটি ইন্দ্রনগরে ১১৪ কোটি টাকা ব্যয়ে গড়ে তোলা হবে। এতে শহরের নাগরিকদের সুবিধার্থে বিভিন্ন বিষয় থাকবে। আগরতলা শহরকে স্মার্ট শহর বানানোর পাশাপাশি আমাদেরও স্মার্ট নাগরিক হতে হবে। আমাদের মধ্যে গুড ম্যানার তৈরি করতে হবে। এই স্মার্ট সিটি প্রকল্পে যে সমস্ত ব্যবস্থা থাকবে সেগুলির সদব্যবহারের মাধ্যমে ত্রিপুরাকে দেশের মধ্যে মডেল রাজ্য হিসাবে পরিণত করতে রাজ্যবাসীর প্রতি আহ্বান রাখেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক ডা. দিলীপ দাস, বিধায়ক আশিষ কুমার সাহা, আগরতলা পুর নিগমের মেয়র ড. প্রফুল্লজিৎ সিনহা এবং পুর নিগমের কমিশনার ড. শৈলেশ কুমার যাদব। অনুষ্ঠানে নগরোন্নয়ন দপ্তরের বিশেষ সচিব কিরণ গিত্যেও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*